গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২২৪.২১-৭১৭

তারিখ: ১৪ ভাদ্র, ১৪২৮ / ২৯ আগস্ট, ২০২১

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব
সভার স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ ও Zoom Cloud App
সভার তারিখ	:	২৫ আগস্ট, ২০২১
সময়	:	বিকাল ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অংশীজন সভার কার্যক্রম শুরু করেন। সভায় সরাসরি ও ভার্চুয়ালি অংশগ্রহণকারী সকলকে তিনি ধন্যবাদ জানান। অংশীজন সভায় উপস্থিত ভার্চুয়ালি সংযুক্ত বিভিন্ন অংশীজন এবং টিমের সদস্যদের পরিচয় শেষে সভাপতি সদস্য সচিবকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার প্রেক্ষাপট তুলে ধরার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব মন্ত্রিপরিষদ বিভাগে নতুন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ এর অনুসরণে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবা সংক্রান্ত এই পর্যালোচনা সভার আয়োজন করা হয়েছে বলে সভাকে জানান। তিনি বলেন, আইএমই বিভাগের মূল কাজ হচ্ছে এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন। যা কিছুটা ব্যতিক্রমধর্মী ও পেশাদারিত্বের প্রয়োজন আছে। ফলে এই বিভাগের বাস্তবায়িত উদ্ভাবন ধারণা ও সেবাসহজিকরণের ধারণাও একটু ভিন্ন প্রকৃতির। তবে ডিজিটাইজড সেবা হিসেবে বাস্তবায়িত "সরকারি ক্রয় বাতায়ন" সরাসরি নাগরিকদের সাথে সম্পৃক্ত। তিনি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে বর্তমান কোভিড পরিস্থিতিতে ই-গভর্ন্যান্সের সহায়তার ইনোভেশন বিশ্বকে কিভাবে এগিয়ে নিয়ে গিয়েছে তার উপর তথ্যচিত্র প্রদর্শন করেন। তাছাড়া এই কার্যালয়ে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবার উপর উপস্থাপনায় বিস্তারিত প্রদর্শন করা হয়।

০৩। সদস্য সচিব সিপিটিইউ এর উপপরিচালক ও সদস্য ইনোভেশন টিম, জনাব মাহফুজার রহমান (উপসচিব)-কে ডিজিটাইজড সেবা "সরকারি তথ্য বাতায়ন" এর উপর বিস্তারিত আলোচনার জন্য অনুরোধ করেন। তিনি সভাকে জানান ২০২০ সালের ২৬ আগস্ট তারিখে সরকারি ক্রয়ে স্বচ্ছতা-জবাবদিহিতা বৃদ্ধি ও সুশাসন নিশ্চিত করা এবং তথ্য অধিকার আইন অনুসারে সরকারের অর্থ ব্যয় সম্পর্কে নাগরিকদের জানানোর অঙ্গীকার থেকেই সিটিজেন পোর্টালটি চালু করা হয়েছে। "সরকারি ক্রয় বাতায়ন" বাংলা ও ইংরেজি দুই ভার্সনেই করা হয়েছে। এর হোম পেইজে তথ্য ও ছবি সংবলিত ব্যানার রয়েছে। হোম পেইজে নিউজ স্ক্রলের নিচে 'জানুন সরকারি ক্রয়ের নানা তথ্য (Know about Public Procurement)' এর অধীনে নাগরিকরা জানতে চান এমন গুরুত্বপূর্ণ আটটি বিষয় রয়েছে। অন্যদিকে, ছবিসহ থাকা প্রতিটি বিষয়ের উপর ক্লিক করলে বিস্তারিত পেইজে যাওয়া যাবে। সরকারি ক্রয় বাতায়নের হোম পেইজে ৫টি মেন্যু রয়েছে, যথা: এক নজরে (At a Glance), ক্রয় পর্যবেক্ষণ (Procurement Observatory), ব্লগ (Blog), ডাটা ডাউনলোড (Data Download) ও বিবিধ (Miscellaneous)। প্রতিটি মেন্যুর সাব মেন্যুগুলোতে অর্থবছর নির্বাচন করে বিশ্লেষণধর্মী তথ্য উপাত্ত পাওয়া যাবে। এগুলো ডাটা ফিল্টার ব্যবহার করে জিআইএস মানচিত্রের মাধ্যমে জেলাভিত্তিক তথ্য উপাত্ত পাওয়ার সুবিধা রাখা হয়েছে।

সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও দক্ষতা বাড়াতে সিটিজেন পোর্টালটি বড় ধরনের একটি পদক্ষেপ। এই পোর্টালের মাধ্যমে সরকারি ক্রয় সম্পর্কিত ডাটা ব্যাপকভাবে বিশ্লেষণের সুযোগ রয়েছে। সরকারের নীতি নির্ধারক, ক্রয়কারী সংস্থার কর্মকর্তা, বিশেষজ্ঞ, গবেষকরা সরকারি ক্রয় বাতায়ন থেকে ওপেন কন্ট্রাক্টিং ডাটা স্ট্যান্ডার্ড (ওসিডিএস) ডাটা JSON ফরমেটে ডাউনলোড করে তা বিশ্লেষণ করতে পারবেন। গণমাধ্যম কর্মীরাও সরকারি ক্রয় বাতায়ন থেকে তথ্য সংগ্রহ করে প্রতিবেদন তৈরি করতে পারবেন।

০৪। উপস্থাপনা শেষে সভাপতি মহোদয় উন্মুক্ত আলোচনার জন্য ভার্চুয়ালি সংযুক্তদের আহ্বান জানান। জনাব ধূর্জটী প্রসাদ সেন, প্রকল্প পরিচালক, পিডিবি, বিদ্যুৎ বিভাগ, রংপুর জোন বলেন "সরকারি তথ্য বাতায়ন" এই বিভাগের একটি ভাল উদ্যোগ তবে এর প্রচার একেবারেই নেই। এই ব্যাপারে প্রচারনা প্রয়োজন। এলজিইডি'র আব্দুস সাত্তার, নির্বাহী প্রকৌশলী ও সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী "সরকারি ক্রয় বাতায়ন" এর প্রশংসা করেন। তবে এর প্রচার না থাকায় জনগণ/নাগরিক এর সেবা হতে বঞ্চিত হচ্ছে বলে মনে করেন।

০৫। সভাপতি সিটিজেন পোর্টাল সকল নাগরিকের কাছে কিভাবে পৌঁছানো যায় সে বিষয়ে মতামত আহ্বান করেন এবং বক্তারা বিভিন্ন পরামর্শ প্রদান করেন। সভায় প্রাপ্ত মতামত সমূহ নিম্নরূপ:

- সরকারি ক্রয় বাতায়ন যথাযথভাবে সামাজিক মাধ্যমে প্রচার করা যেতে পারে;
- আইএমইডি'র ওয়েবসাইটের স্ক্রলবারে সরকারি ক্রয় বাতায়ন বিষয়টি প্রদর্শন করা যেতে পারে;
- সরকারি ক্রয় বাতায়ন সিপিটিইউ এর ওয়েবসাইট এর সাথে যুক্ত থাকায় সকল মন্ত্রণালয়ের ওয়েবসাইডে নির্ধারিত জরুরি হটলাইনে e-GP Helpline-16575 সংযুক্ত করার ব্যবস্থা করা হলে সরকারের নীতি-নির্ধারকগণ, ক্রয়কারী সংস্থার কর্মকর্তা ও অন্যান্য অংশীজনরাও সরকারি ক্রয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রয়োজনীয় তথ্য পাবেন;
- ক্রয় বাতায়নে e-GP এর মত Life Queries এর ব্যবস্থা থাকতে পারে যেখানে ২৪ ঘন্টার মধ্যে উত্তর পাওয়া যাবে।

০৬। সভাপতি সকলকে সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন সেবা তখনই শ্রেয়তর হবে যখন নাগরিকগণ এর থেকে সুবিধা পাবেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৮.২০২১

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার